JUN. 08 2002

## পরীক্ষা নিয়ন্ত্রক সমীপে

আমি ঢাকা বোর্ডের আওতাধীন, টঙ্গী পাইলট হাই স্কুল এন্ড কলেজ থেকে পুরাতন সিলেবাসের পরীক্ষার্থিণী হিসেবে ২০০২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করি। আমাদের জন্য নির্ধারিত পুরাতন সিলেবাস অনুযায়ী বাংলা ১ম পত্রের 'সহপাঠ'-এ তিনটি বিভাগ যথা, ১। সাহিত্য পাঠ (উপন্যাস- 'আবদুল্লাহ' ও নাটক 'কাফেলা'), ২। সাহিত্য সৌরভ (উপন্যাস- 'জোহরা' ও নাটক 'নষ্ট ছেলে'), ৩। সাহিত্য মঞ্জুষা (উপন্যাস- 'আবদুল্লাহ' ও নাটক 'মুকুট') হতে যে কোন একটি বিভাগ থেকে উত্তর প্রদান করতে হত। উক্ত সিলেবাস অনুসারে ২০০০ ও ২০০১ সালের এসএসসি ও ২০০২ সালের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করি। কিন্তু দুঃখের বিষয় এই যে, ২০০২ সালের এসএসসি পরীক্ষায় আমাদের সম্পূর্ণ সিলেবাস বহির্ভূত শুধুমাত্র একটি বিভাগ, যথা উপন্যাস 'হাজার বছর ধরে' ও নাটক 'কবর' থেকে প্রশ্ন সংযোজন করা হয়। এমতাবস্থায় বাংলা ১ম পত্রের সহ পাঠাংশের উত্তরদানের সুযোগ থেকে সম্পূর্ণ বঞ্চিত হই। উল্লেখ্য যে, স্কুল বা বোর্ড কর্তৃপক্ষ উক্ত পরিবর্তিত সিলেবাস সম্পর্কে আমাদের কোন নির্দেশ প্রদান করেননি। পুরাতন সিলেবাস অনুসারে বিগত পরীক্ষাই শেষ সুযোগ বিধায় এ ব্যাপারে উর্ধ্বতন বোর্ড কর্তৃপক্ষ ও পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের নিকট সুবিচার প্রার্থনা করে দৃষ্টি আকর্ষণ করছি।

–সৈয়দা জান্নাত আরা
টঙ্গী পাঃ হাই স্কুল এন্ড কলেজ, টঙ্গী,
গাজীপুর।